# কবিতার সর্বাঙ্গ

দেখে শিউরে উঠলে উদ্বাস্তু শিবির!
সারা দেহে রক্তক্ষত, দশ দিগন্তের অভিজ্ঞান ভুলে
চেয়ে দেখ ভাঙা - ভাঙা কবিতা লিখছে
ভোরের শিশির....

দিন থেকে দিনান্তের দিকে ধেয়ে যাচ্ছে
আয়ুর সীমানা, শব্দগুলো উড়ছে হাওয়ায়
একটা - একটা পৃথিবী নিজের মত করে ভাঙছে
সোনালি মুহুর্তেরা আলো আনছে ঋতুস্নিগ্ধ পায়

কিছুটা অনিত্য ছিল ঝরাপাতা - আজন্ম নীরবতা
প্রণয়ের পাশে ছিল উদাসী রাখাল
প্রতিটি নবীন তৃণে মাথা রাখছে মহাব্ধি
অনন্ত দৃশ্যকে পুড়িয়ে খাচ্ছে দিকচক্রবাল।

বিপ্লব বড়াল


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com